(অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২ ধারা অনুযায়ী)

# বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাইম ব্যাংক পিএলসি., সিম্পলট্রি আনারকলি, প্রধান কার্যালয় হোল্ডিং নং-৮৯, প্লট-৩, ব্লক-সিএনএস(এ), গুলশান এভিনিউ, ওয়ার্ড নং-১৯, ঢাকা- উত্তর সিটি কর্পোরেশন, থানা-গুলশান, জেলা-ঢাকা **এবং উহার একটি বিভাগ-** কমার্শিয়াল ব্যাংকিং ডিভিশন (বুকিং শাখাঃ আইবিবি ও আর নিজাম রোড শাখা, চট্টগ্রাম) এর খেলাপী ঋণ গ্রহীতা **মাল্টি স্টীল কাস্টিং লিমিটেড (ইউনিট-২)**, এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক, জনাব হাবিব মহিউদ্দিন, অফিসের ঠিকানা - ৭৩২, পূর্ব বিবিরহাট, হাট হাজারী রোড চট্টগ্রাম এর নিকট হইতে খেলাপী ঋণ বাবদ অত্র আর্থিক প্রতিষ্ঠানের পাওনা সুদসহ ০৪/০১/২০২৬ **ইং তারিখ পর্যন্ত মোট ৭৯,০৯,৩১,৭০০.৫৮ টাকা (টাকা ঊনাশি কোটি নয় লক্ষ একত্রিশ হাজার সাতশত এবং পয়সা আটান্ন)** মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে নিম্ন তফসিলে বর্ণিত স্থাবর সম্পত্তি [যা মাল্টি স্টীল কাস্টিং লিমিটেড (ইউনিট-২), এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক, জনাব হাবিব মহিউদ্দিন, অফিসের ঠিকানা - ৭৩২, পূর্ব বিবিরহাট, হাট হাজারী রোড চট্টগ্রাম কর্তৃক ব্যাংকের নিকট রেজিষ্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে বন্ধককৃত ও বিক্রয়ের ক্ষমতা অর্পণ করে ব্যাংকের অনুকূলে অপ্রত্যাহারযোগ্য সাধারণ আমমোক্তারনামা দলিল সম্পাদন করিয়া দেয়া আছে] নিলামে বিক্রয়ের মাধ্যমে দায় সমন্বয়ের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তাদিতে অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক আগ্রহী ক্রেতাগণের নিকট থেকে সীলমোহরকৃত খামে সাদা কাগজে অথবা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে লিখিত দরপত্র আহ্বান করা যাইতেছে। উল্লেখ্য দরপত্র দাখিলের পূর্বেই নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান এই সংক্রান্ত অতিরিক্ত কোন তথ্য (যদি প্রয়োজন হয়) অবগত হবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নে উল্লিখিত ঠিকানায় যোগাযোগ করতে পারবেন।

## নিলামের শর্তাবলী:

১. প্রত্যেক দরদাতাকে তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখে এবং দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে **"সম্পত্তি ক্রয়ের দরপত্র"** লিখে দাখিল করতে হবে।

২. দরপত্র জমা দেয়ার শেষ তারিখঃ ০৯/০৩/২০২৬ ইং বিকাল ৩.০০ ঘটিকা। দরপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রাইম ব্যাংক পিএলসি., আইন বিভাগ (৫ম তলা), প্রাইম টাওয়ার, প্লট নং ৩৫ ও ০৮, নিকুঞ্জ বা/এ, ঢাকায় রক্ষিত নির্ধারিত বাক্সে জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৩.৩০ ঘটিকার দরপত্র দাতাদের সাম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে এবং সর্বোচ্চ দরদাতাকে তফসিল সম্পত্তি ক্রয়ে সর্বাগ্রে আহ্বান করা হবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে নিম্নবর্ণিত ঠিকানায় প্রেরণ করা যাবে। রেজিষ্ট্রি ডাকযোগে দরপত্র প্রেরণের ক্ষেত্রে অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে হবে। **(উল্লেখ থাকে যে, উক্ত ধার্য তারিখে যদি কোন কারণে সরকারী ছুটি ঘোষণা করা হয় তাহলে পরবর্তী কার্য দিবসে উক্ত দরপত্র বাক্স খোলা হবে)**।

৩. তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য **প্রাইম ব্যাংক পিএলসি.** এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল করতে হবে এবং বর্ণিত সময় সূচী অনুযায়ী অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে।

| দরপত্রের উদ্ধৃত মূল্য | জামানত | বাকি টাকা পরিশোধের সময় |
|---|---|---|
| অনূর্ধ্ব টাঃ ১০,০০,০০০ হলে | ২০% | দরপত্র গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন |
| টাঃ ১০,০০,০০১-অনূর্ধ্ব টাঃ ৫০,০০,০০০ হলে | ১৫% | দরপত্র গৃহীত হবার পরবর্তী ৬০(ষাট) দিন |
| টাঃ ৫০,০০,০০০ এর উর্ধ্বে হলে | ১০% | দরপত্র গৃহীত হবার পরবর্তী ৯০(নব্বই) দিন |

দরপত্র গৃহীত হওয়ার উল্লেখিত সময়ের মধ্যে সমুদয় মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে এবং বাজেয়াপ্তকৃত টাকা দাবিকৃত টাকার সাথে সমন্বয় করা হবে। অকৃতকার্য দরপত্রের বিপরীতে জমাকৃত জামানতের অর্থ যথাসময়ে ফেরত প্রদান করা হবে।

৪. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫. উপরে বর্ণিত শর্ত ৩ (তিন) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্ত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মুল্য একত্রে সর্বোচ্চ দরপত্র অপেক্ষা কম না হইলে উক্ত ২য় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহবান করা হইবে। ২য় সর্বোচ্চ দরদাতা আহুত হওয়ার পর ৩নং শর্তে নির্ধারিত অনুরূপ সময়সীমার মধ্যে মূল্য পরিশোধ করিবেন এবং তা করিতে ব্যর্থ হইলে তার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের অর্থ উক্ত দাবীকৃত টাকার সাথে সমন্বয় করা হইবে।

৬. দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্যের জন্য ব্যাংকের **আইন বিভাগে** অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

৮. তফসিলী সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের, পৌরসভা, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় ট্যাক্স, ভ্যাট ইত্যাদি দরপত্রদাতাকে বহন করতে হবে।

৯. সম্পত্তি রেজিষ্ট্রেশন/হস্তান্তর সংক্রান্ত যাবতীয় খরচ যেমন স্ট্যাম্প ডিউটি, গেইন ট্যাক্স, জেলা পরিশদ/লোকাল গভঃ ফিস, AIT, VAT ও ক্রয়কৃত সম্পত্তির সব ধরনের ট্যাক্স (বকেয়াসহ যদি থাকে) সহ অন্যান্য সমুদয় খরচ এবং দলিল রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ সফল নিলাম ক্রেতাকে বহন করতে হবে।

১০. সফল নিলাম ক্রেতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং দখল হস্তান্তরের জন্য অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৫ক) ধারা মোতাবেক স্থানীয় অধিক্ষেত্র জেলা ম্যাজিষ্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হবে।

১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল বা সকল দরপত্র বাতিল করার অধিকার এবং প্রয়োজনে উক্ত নিলাম পক্রিয়া কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম বাতিলের এখতিয়ার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২. প্রাইম ব্যাংক পিএলসি. দরদাতা কর্তৃক নির্ধারিত সময় সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ সাপেক্ষে দরদাতাকে বর্ণিত সম্পত্তি হস্তান্তর করবে।

## সম্পত্তির তফসিল সমূহ

Land measuring 150.90 (One Hundred Fifty Point Nine Zero) decimals along with the 02 storied building, factory, plants, machineries, structures constructed thereon with all rights of passages, easements, with all other rights, utilities and facilities situated within district: Chattogram, PS- Panchalish, Mouza- East Nasirabad, Sub-registry Office-Sadar, Chattogram, RS Plot No. 30, 33, 36, 37, 38, 39, 40, 808, 810, 4053 of BS Khatian No. 10 (Ten), BS Mutation Khatian No. 2559 (Two Thousand Five Hundred Fifty Nine), Part of BS Plot No. 74 (Seventy Four) corresponding to Baizid Bostami Industrial Area, Plot No. 75 (Seventy Five).

## "হাইপোথিকেটকৃত অস্থাবর সম্পত্তির তফসিল"

All the fixed and floating assets including the plant and all machinery, instruments, equipment, accessories and spares, fitting, fixtures, all raw materials and work-in process whether in the factory or in the sale premises or in the showroom or in the godown/storage or in transit, raw materials in the ware house and factory or in the process of production whether cut or un-cut, finished products, equipment and accessories and book debts including the insurance policies, all receivables, securities, contract and benefit under contracts or agreement and all others properties/assets of the Borrower Company at the office and factory premises of the Borrower Company situated at 732, East Bibirhat, Hathazari Road, Chattogram **and** 75 Nasirabad I/A, Baizid Bostami Road, Chattogram **and** C/1 Mohara Industrial Area, Kalurghat, Chandgaon, Chattogram **and** 26/Ka, Siddique Bazar, North South Road, Aloo Bazar, Dhaka.

**আইন বিভাগ, প্রাইম টাওয়ার (৫ম তলা)**
প্লট নং-৩৫ এবং ৮ নিকুঞ্জ, সি/এ, এয়ারপোর্ট রোড, খিলক্ষেত, ঢাকা।
ফোনঃ +৮৮০৯৬১০৯৯০০০০ (এক্সটেনশন-১০৪০৩)

প্রাইম ব্যাংক

Size: 3 col. x 11.5 inch